



কর্মসংস্থান ব্যাংক

(রাষ্ট্রস্বত্বাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

আইটি বিভাগ



নম্বর: ৫৩.১৭.০০০০.০৭০.৪০.০০১.১৭.৪৯

তারিখ: ১৬ জ্যৈষ্ঠ ১৪২৯

৩০ মে ২০২২

প্রাপক:

সকল শাখা ব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক

বিষয়: বৈধ উপায়ে রেমিট্যান্স প্রেরণের বিপরীতে প্রণোদনা/ নগদ সহায়তা প্রদান প্রক্রিয়া সহজিকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। কর্মসংস্থান ব্যাংক এনসিসি ব্যাংকের সাব-এজেন্ট হিসেবে ফরেন রেমিট্যান্স ডেলিভারী কার্যক্রম পরিচালনা করছে। বৈধ উপায়ে রেমিট্যান্স প্রেরণের বিপরীতে প্রণোদনা/নগদ সহায়তা প্রদানের নীতিমালা” এর বিষয়ে বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ ০৬.০৮.২০১৯ তারিখে জারিকৃত এফই সার্কুলার নং-৩১ এবং ১২.০৫.২০২০ তারিখে জারিকৃত এফই সার্কুলার নং-২০ অনুযায়ী মাঃডঃ ৫.০০০ (পাঁচ হাজার) অথবা ৫,০০,০০০ (পাঁচ লক্ষ) টাকার অধিক রেমিট্যান্সের ক্ষেত্রে প্রণোদনা/ নগদ সহায়তা প্রদানে রেমিটারের কাগজপত্রাদি বিদেশস্থ এক্সচেঞ্জ হাউজ হতে প্রেরণের বাধ্যবাধকতা রয়েছে। বাংলাদেশ ব্যাংকের ০৬.০৮.২০১৯ তারিখের বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ কর্তৃক এ সংক্রান্ত এফই সার্কুলার নং-৩১ এবং ১২.০৫.২০২০ তারিখে জারিকৃত এফই সার্কুলার নং-২০ এর শর্ত শিথিল করে বৈধ উপায়ে দেশে রেমিট্যান্স প্রেরণের বিপরীতে রেমিট্যান্স প্রণোদনা/ নগদ সহায়তা প্রদানের নির্দেশনা প্রদান করেছেন। বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রা নীতি বিভাগের এফই সার্কুলার নং-১৫ তারিখ: ২৩.০৫.২০২২ এর পরিশ্রুতিতে প্রাপককে ২.৫% হারে নগদ সহায়তা প্রদান বিষয়ে নিম্নোক্ত নির্দেশাবলি অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ দেয়া হলো:

ক) সরকারি সিদ্ধান্ত অনুযায়ী বৈধ উপায়ে দেশে রেমিট্যান্স প্রেরণের বিপরীতে রেমিট্যান্স প্রণোদনা/ নগদ সহায়তা প্রদানে রেমিটারের কোন ধরনের কাগজপত্রাদি ব্যতীত বিদ্যমান হারে (২.৫%) রেমিট্যান্স প্রণোদনা/ নগদ সহায়তা প্রযোজ্য হবে;

খ) রেমিট্যান্স প্রেরণের বিপরীতে প্রণোদনা/ নগদ সহায়তা সংক্রান্ত বাংলাদেশ ব্যাংকের ইতঃপূর্বে ইস্যুকৃত এফই সার্কুলার নং-৩১ তারিখ ০৬.০৮.২০১৯ এবং এর ধারাবাহিকতায় জারিকৃত সার্কুলার পত্রগুলোর অপরাপর নির্দেশনা যথারীতি বলবৎ থাকবে।

গ) প্রণোদনা/ নগদ সহায়তা সহজিকরণ এ প্রক্রিয়া ২৩ মে, ২০২২ হতে কার্যকর বলে গণ্য হবে।

০৪। এ বিষয়ে আরও স্পষ্টীকরণের প্রয়োজন হলে রেমিট্যান্স সেলের সিনিয়র প্রিন্সিপাল অফিসার জনাব মোঃ রায়হানুল ইসলাম (ফোন :০২-৪১০৫০৫৭৮, মোবাইল ০১৭১৭-৬৭২৪৩৯) অথবা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা প্রিন্সিপাল অফিসার জনাব শাফায়াত নূর বেগম (মোবাইল :০১৭০৮-৩৯৭১০০, ০১৯১-৪৪১৩৪৪১) এর সাথে যোগাযোগ করার পরামর্শ দেয়া হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

৩০-৫-২০২২

মোঃ জাহাঙ্গীর আলম বেপারী

উপমহাব্যবস্থাপক

ফোন: ০২-৪১০৫০৫৮৫

ইমেইল: it@kb.gov.bd